



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ  
আইন শাখা-১

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.০৩১.০০১.১৯- ১৬২

তারিখঃ ০৯ চৈত্র ১৪২৬  
২৩ মার্চ ২০২০

বিষয়ঃ বকেয়া পেশাগত ফি পরিশোধ এবং মামলা ফিরিয়ে নেয়া প্রসঙ্গে।

- সূত্র: (১) বিজ্ঞ কৌসুলি কাজী মাদ্দনুল হাসান কর্তৃক দাখিলকৃত আবেদনের স্মারক নং-LJ/KMH/MoE/32 তারিখ: ১০.০৩.২০২০ খ্রি।  
(২) TMED এর স্মারক নং- ৫৭.০০.০০০০.০৪৬.০৩১.০০১.১৯-৫২৭, তারিখ: ১৭.১০.২০১৯ খ্রি।  
(৩) বিজ্ঞ কৌসুলি কাজী মাদ্দনুল হাসান কর্তৃক দাখিলকৃত আবেদনের স্মারক নং-LJ/KMH/ MoE/243 তারিখ: ০২.১০.২০১৯ খ্রি।  
(৪) TMED এর স্মারক নং- ৫৭.০০.০০০০.০৪৬.০৩১.০০১.১৯-৩৩০, তারিখ: ২৫.০৬.২০১৯ খ্রি।  
(৫) বিজ্ঞ কৌসুলি কাজী মাদ্দনুল হাসান কর্তৃক দাখিলকৃত আবেদনের স্মারক নং-LJ/KMH/BMEB/207 তারিখ: ১৮.০৬.২০১৯ খ্রি।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে মাননীয় আদালতে দায়েরকৃত এ.টি মামলা নং-৩৮৫/১৭, কনটেম্পট পিটিশন নং-২৬৭/২০১৬ (রিট পিটিশন নং-১০৮৮২/২০১৩ হতে উদ্ভূত), কনটেম্পট পিটিশন নং-৬০/২০১৯ (রিট পিটিশন নং-১২২৯৩/২০১৫ হতে উদ্ভূত) এবং রিট পিটিশন নং-১৫৪৭৭/২০১৮ মামলা তদারকি ও পরিচালনার জন্য মহোদয় কর্তৃক সূত্র (৫) মূলে ১১৬৯০০/- (এক লক্ষ ষোল হাজার নয়শত) টাকার বিল TMED তে দাখিল করা হয়।

০২। দাখিলকৃত বিলের মধ্য থেকে ২৫২০০/- (পঁচিশ হাজার দুইশত) টাকার প্রমাণক সঠিক পাওয়ায় বিধি মোতাবেক ট্যাক্স/ভ্যাট কর্তন সাপেক্ষে পরিশোধ করা হয় এবং পরবর্তিতে অবশিষ্ট ৯১৭০০/- টাকার ভাউচার/প্রমাণক দাখিল সাপেক্ষে পরিশোধ করা হবে মর্মে সূত্র (৪) মূলে মহোদয়কে অনুরোধ করা হয়।

০৩। উক্ত অনুরোধের প্রেক্ষিতে বিজ্ঞ আইনজীবী কর্তৃক সূত্র (৩) মূলে দাখিলকৃত বিলের প্রমাণক সঠিক না থাকায় TMED কর্তৃক সূত্র (২) মূলে বিলে বিদ্যমান বিভিন্ন ত্রুটি সংশোধনক্রমে পুনরায় বিল দাখিল করার জন্য মহোদয়কে অনুরোধ করা হয়।

০৪। কিন্তু TMED এর চাহিদা অনুযায়ী মহোদয় কর্তৃক বিলের ত্রুটিসমূহ সংশোধন না করে এবং ফি চার্টমতে প্রমাণসহ বিল দাখিল না করে বিল পরিশোধের জন্য অনুরোধ করা হয়েছে, যা নিতান্তই দুঃখজনক।

০৫। এফগে, নিয়োক্ত ব্যবস্থা গ্রহণ করা আবশ্যিক :

(ক) TMED কর্তৃক গত ১৭.১০.১৯ খ্রি. তারিখে ৫২৭ সংখ্যক স্মারকমূলে প্রেরিত পত্রের নির্দেশনামতে প্রয়োজনীয় প্রমাণকসহ পুনরায় বিল দাখিল করা হলে পরিশোধের নিমিত্ত পদক্ষেপ গ্রহণ করা সম্ভব হবে মর্মে নির্দেশক্রমে মহোদয়কে ৩য় বারের মত অনুরোধ করা হলে।

(খ) বিজ্ঞ কৌসুলির নিকট মামলা সংক্রান্ত যাবতীয় কাগজপত্রাদি হস্তান্তরের (TMED হতে) সময় দাপ্তরিক পত্রের মাধ্যমে হস্তান্তর করা সম্ভব হলে বিজ্ঞ কৌসুলির নিকট রক্ষিত TMED সংক্রান্ত মামলার সংশ্লিষ্ট কাগজপত্র TMED এর অপর বিজ্ঞ কৌসুলির নিকট হস্তান্তরের সময় TMED হতে authorized officer পাঠানোর প্রয়োজনীয়তার উদ্ভব হওয়ার কারণ জানানোর জন্যও নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০৬। এমতাবস্থায়, উপরি-উক্ত মতে তথ্যাদি আগামী ০৮.০৪.২০২০ খ্রি. তারিখের মধ্যে টিএমইডিতে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

(স্বঃ) সিনিয়র সহকারী সচিব (আইন)  
ফোন- ৯৫৭৫২৭২

কাজী মাদ্দনুল হাসান,  
বিজ্ঞ কৌসুলি, এপার্টমেন্ট নং-৪বি, ২৭৪,  
এলিফ্যান্ট রোড (নকশী জাহান), ঢাকা-১২০৫।

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে:

- ১। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ২। সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৩। অতিরিক্ত সচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৪। অফিস কপি/মাস্টার কপি।